

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৭২১

পর্ব-১১: হজ (এআনা باتك)

পরিচ্ছেদঃ ১৪. প্রথম অনুচ্ছেদ - মক্কার হারামকে আল্লাহ তা'আলা কর্তৃক সংরক্ষণ প্রসঙ্গে

بَابُ حَرَمٍ مَكَّةَ حَرَسَهَا اللهُ تَعَالَى

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ «يُخَرِّبُ الْكَعْبَة ذُو السويقتين من الْحَبَشَة»

বাংলা

২৭২১-[৭] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুলাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ (শেষ জামানায়) কাবা ঘর ধ্বংস করবে আবিসিনিয়ার এক ছোট নলাবিশিষ্ট (আল্লাহদ্রোহী) ব্যক্তি। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ১৫৯১, মুসলিম ২৯০৯, নাসায়ী ২৯০৪, ইবনু আবী শায়বাহ্ ১৪০৯৮, আহমাদ ৯৪০৫, মুসতাদরাক লিল হাকিম ৮৩৯৬, সুনানুল কুবরা লিল বায়হাকী ৮৬৯৯, সহীহ ইবনু হিব্বান ৬৭৫১, সহীহ আল জামি' ৮০৬৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (يُخَرِّبُ الْكَعْبَةَ ذُو السَّوَيْقَتَيْنِ مِنَ الْحَبَشَةِ) "হাবশার একজন ছোট পা বিশিষ্ট লোক কাবা ঘর ধ্বংস করবে" অর্থাৎ- হাবশার একজন দুর্বল লোক কাবা ঘরের মর্যাদা বিনষ্ট করবে। অথবা ঐ লোকটির নামই হবে যুল্ সুওয়াই ক্বতায়ন।

'আল্লামা কুরতুবী বলেনঃ এটি সংঘটিত হবে কিয়ামাত হওয়ার নিকটবর্তী সময়ে যখন মানুষের হৃদয় থেকে কুরআন উঠিয়ে নেয়া হবে এবং মুসহাফেও তা আর অবশিষ্ট থাকবে না। আর তা হবে 'ঈসা (আঃ)-এর দুনিয়াতে পুনরায় আগমনের পর তাঁর মৃত্যু পরবর্তী সময়ে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন